

বিজ্ঞপ্তি

এতদ্বারা রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২১ খ্রিঃ সালের দেয়াল ক্যালেন্ডার ও টেবিল ক্যালেন্ডার এর গ্রাফিক্স ডিজাইন প্রস্তুতকরণের লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভিন্ন সিরিজের শিক্ষার্থীদের নিকট হতে ডিজাইন আহ্বান করা যাচ্ছে। শিক্ষার্থীদেরকে আগামী ১৫ নভেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে তাদের স্ব স্ব প্রস্তুতকৃত গ্রাফিক্স ডিজাইন ই-মেইলের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। জমাকৃত ডিজাইন সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নীরিক্ষণ পূর্বক উভয় ক্যালেন্ডারের জন্য ০১ (একটি) করে ডিজাইন বাছাই করা হবে, যা আগামী ২০২১ খ্রিঃ সালের ক্যালেন্ডারে ছাপানো হবে।

নির্বাচিত গ্রাফিক্স ডিজাইনার (শিক্ষার্থীকে) ৫,০০০/= (পাঁচ হাজার টাকা) সম্মাননা প্রদান করা হবে।

গ্রাফিক্স ডিজাইন প্রস্তুত করার শর্তাবলী :

- ১) উভয় ক্যালেন্ডারে একই ডিজাইন ব্যবহার করা হবে।
- ২) উভয় ক্যালেন্ডারে শিক্ষার্থীর নাম, বিভাগ, সেশন, রোল নং উল্লেখ থাকতে হবে।
- ৩) ডিজাইন ইলাস্ট্রেশনের এবং জেপিইজি ফরম্যাটে জমা দিতে হবে।
- ৪) ক্যালেন্ডারের তারিখের সংখ্যাগুলো স্পষ্ট হতে হবে।
- ৫) ক্যালেন্ডারে রুয়েটের প্রস্তাবিত নির্মানাধীন ভবনের ছবি ব্যবহার করা যেতে পারে।
- ৬) বিজয়ী শিক্ষার্থীকে/ডিজাইনারকে পরবর্তী পরিমার্জন কাজে সহায়তার জন্য প্রস্তুত থাকতে হবে।
- ৭) অত্র বিশ্ববিদ্যালয়ের পূর্ববর্তী সালের দেয়াল ক্যালেন্ডার নমুনা হিসেবে ব্যবহার করা যেতে পারে।


পরিমাপ :

- (ক) দেয়াল ক্যালেন্ডার (দৈর্ঘ্য x প্রস্থ) : ৯২.০ x ৫৮.৫ সেন্টিমিটার (বর্ডার: ২.০ x ১.৫ সেন্টিমিটার)।
- (খ) টেবিল ক্যালেন্ডার (দৈর্ঘ্য x প্রস্থ) : ২৭.৭ x ২১.৮ সেন্টিমিটার (বর্ডার: ০.৫ x ০.৫ সেন্টিমিটার)।
- (গ) ডিজাইনে সর্বোচ্চ চারটি রং ব্যবহার করা যাবে।
- (ঘ) কোন মানুষের প্রতিকৃতি ব্যবহার করা যাবে না।

(বি.দ্র; সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।)

গত ২০ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংশ্লিষ্ট কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী এই বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

- ১। একান্ত সচিব, ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার (রুয়েটের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ৩। নোটিশ বোর্ড, রুয়েট।
- ৪। নথি


০৪/১১/২০২০

(অধ্যাপক ড. মোঃ আল-আমিন-আল-আজাদউল ইসলাম)

ই-মেইলঃ aaminruet@gmail.com

সভাপতি

ক্যালেন্ডার ও ডায়েরি প্রস্তুতকরণ কমিটি, ২০২১